

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	১৮ মে, ২০০৩
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড
সভাপতি	:	কর্ণেল সালাহুউদ্দীন আহমেদ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১)	ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন অধিনায়ক বিএনএস হাজী মহসিন ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(২)	উইং কমান্ডার এম আল-আমীন তালুকদার প্রতিনিধি অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাসার ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৩)	লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ প্রতিনিধি কমান্ড্যান্ট, এস ই এম ও সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৪)	লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম সিএমইএস (আর্মি) ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৫)	লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ ৩৪৬, বারিধারা ডিওএইচএস ঢাকা সেনানিবাস।	--	সদস্য

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ : গত ২১ এপ্রিল, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : বিগত ২১ এপ্রিল, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ : এপ্রিল, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : এপ্রিল, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৪ : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয় এবং সিনিয়র মেডিক্যাল অফিসার ডাঃ ক্যাপ্টেন (অবঃ) বখতিয়ার হোসেন এর মধ্যে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য জরুরী প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় প্রসঙ্গে মৌখিক আলোচনা হয়। উক্ত আলোচনার প্রেক্ষিতে যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে যন্ত্রপাতির তালিকাসহ চীফ মেডিক্যাল অফিসার ০৩ মে, ২০০৩ তারিখে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করেন। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য যন্ত্রপাতি ক্রয়ের নীতিগত অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য তা বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনার শুরুতেই ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাঃ ক্যাপ্টেন (অবঃ) বখতিয়ার হোসেন সরাসরি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের সংগে হাসপাতালের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের ব্যাপারে আলাপ করে প্রস্তাব প্রেরণ করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আলোচনার এক পর্যায়ে সম্মানিত সদস্য লেঃ কর্ণেল (অবঃ) মোঃ শামসুদ্দিন আহমেদ অভিমত ব্যক্ত করেন যে, “যেহেতু হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসার ও পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর মহোদয়ের মধ্যে আলোচনার ভিত্তিতেই যন্ত্রপাতি ক্রয়ের অনুমোদনের প্রস্তাব এসেছে সেহেতু বোর্ডসভায় এ ব্যাপারে আলোচনা বা অনুমোদনের প্রয়োজন আছে বলে মনে হয় না”। সভায় বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত হাসপাতালের নিয়মনিতির আলোকে প্রস্তাব প্রেরণের পক্ষে অভিমত ব্যক্ত করা হয়। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের যাবতীয় আয়ব্যয়ের হিসাবসহ নিয়ন্ত্রণ বিষয়ে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করেন।

প্রস্তাব নং-৫ : সেনাসদর টেনিস কমপ্লেক্স এ ৩য় টেনিস কোর্ট নির্মাণ এলাকা হতে কর্তনকৃত ০১(এক)টি ইউক্যালিপ্টাস গাছ ও ০২(দুই)টি কৃষ্ণচূড়া গাছ নিলামে বিক্রির নিমিত্তে ২৪ এপ্রিল, ২০০৩ তারিখ নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ৫ জন অংশ গ্রহণ করেন। অংশগ্রহণকারীদের মধ্যে জনাব জিয়াউল আমিন বাহার, ২০৯ পুরাতন কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৩,২০০/- (তিন হাজার দুইশত) টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, নিলামের পূর্বে কর্তনকৃত গাছের এমআরপি নির্ধারণ করা হয় ১,৩৭৪/৪০ টাকা। সভায় অনুমোদনের পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে অনুমোদন করা হলো। তবে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৬ : বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর এবং ডিওএইচএস মহাখালী কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি নার্সারীর ব্যাপারে ৩১/১২/২০০২ তারিখ পর্যন্ত দেড় বৎসরের জন্য যথাক্রমে ৬১,৮৭৫/- টাকা এবং ৬৫,৬২৫/- টাকায় জনাব মোঃ নজরুল ইসলামকে ইজারা প্রদান করা হয়েছিল। ইজারা মেয়াদ শেষ হওয়ার পর সংশ্লিষ্ট ফার্ম কর্তৃক ২৩ ডিসেম্বর, ২০০২ তারিখে নবায়নের জন্য পুনরায় আবেদন করেন। নার্সারীদুটি নবায়নের ব্যাপারে ১১ ডিসেম্বর, ২০০২ তারিখের বোর্ড সভায় উপস্থাপন করা হলে সিদ্ধান্ত নং-১৪ এর মাধ্যমে এ ব্যাপারে

চলমান পাতা-৩

সেনাসদর, কিউএমজি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থাদ্বয়ের নিকট হতে উপরোক্ত জমি ইজারা দেয়ার ছাড়পত্র পাওয়া যায়। এমতাবস্থায় উপরোক্ত জমি তরফকুঞ্জ নারসারী (প্রাইভেট) লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে ০১/১/২০০৩ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য ইজারা দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপরোক্ত নারসারী দুটি ০১ জুলাই, ২০০৩ তারিখ হতে ০১(এক) বছরের জন্য স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করে নিলাম ইজারা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া পর্যালোচনান্তে জানা যায় যে, বর্তমান ইজারাদার জনাব নজরুল ইসলামের ইজারার মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০২ তারিখে শেষ হওয়ার পরও অদ্যাবধি তার নারসারী ব্যবসা অব্যাহত রয়েছে বিধায় তার পূর্বের অনুমোদিত ইজারা দর অনুযায়ী বনানী কবরস্থান সংলগ্ন নারসারীর জন্য ৬১,৮৭৫/- (একষট্টি হাজার আটশত পচাত্তর) টাকা এবং হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন নারসারীর জন্য ৬৫,৬২৫/- (পয়ষট্টি হাজার ছয়শত পচিশ) টাকা (যার উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর ও ৩% উৎস কর প্রদেয়) ৩০ জুন, ২০০৩ তারিখ পর্যন্ত আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৬ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের ব্যাপারে ২২ সেপ্টেম্বর, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১০ নং সিদ্ধান্তের মাধ্যমে অনুমতি প্রদান করার প্রেক্ষিতে উক্ত ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক ক্রেতা জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা-আবু মোহাম্মদ মোহসীন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে উক্ত ব্যক্তির নামে নামজারীর বিষয়ে তাঁর ২৭ এপ্রিল, ২০০৩ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৬ নং ফ্ল্যাটটি নামজারীর ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখা কর্তৃক ১৫ মে, ২০০৩ তারিখে প্রদত্ত সুপারিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি ক্রেতা জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা-আবু মোহাম্মদ মোহসীন এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ : ঢাকা সিটি কর্পোরেশনের স্মারক নং-৭৩৩/প্রঃবিঃ(২০০) তারিখঃ ০২/১২/২০০২ এর মাধ্যমে বিভিন্ন ট্রেড লাইসেন্সের জন্য বর্তমান যে হার অনুমোদিত রয়েছে উক্ত অনুমোদিত হারে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে যে সমস্ত ট্রেডের জন্য ট্রেড লাইসেন্স প্রদান করা হয়ে থাকে সিটি কর্পোরেশনের উপরোক্ত অনুমোদিত হারে ট্রেড লাইসেন্স প্রদানের ব্যাপারে আলোচনা ও অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সিটি কর্পোরেশনের উপরোক্ত স্মারকের মাধ্যমে বিভিন্ন ট্রেড লাইসেন্স এর উপর অনুমোদিত দর অনুযায়ী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে সেনানিবাস এলাকার জন্য বিভিন্ন পেশা/ব্যবসা-বাণিজ্য/জীবিকা-বৃত্তির উপর ট্রেড লাইসেন্স ফি বৃদ্ধির ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। নতুন নির্ধারিত বিভিন্ন পেশা/ব্যবসা-বাণিজ্য/জীবিকা-বৃত্তির উপর ট্রেড লাইসেন্স ফি ক্রোড়পত্র- 'ক' হিসেবে সংযোজন করা হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-৯ ঃ সাইনভিশন ও রূপময় কর্তৃক স্থাপিত হোর্ডিং বোর্ড সরিয়ে নেয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পত্র দেয়া হলে উক্ত ফার্ম ক্যান্টনমেন্ট বোর্ড ও আর্মি ওয়েলফেয়ার ডাইরেক্টরেটের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১২৯/২০০৩ এবং ১১৩০/২০০৩ নং মামলা দায়ের করে। উক্ত মামলার বিবিধ খরচ বাবদ অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক ৫,০০০/- টাকা অগ্রিম প্রদানের আবেদন করা হয়। বিষয়টি ৩১ মার্চ, ২০০৩ তারিখের বোর্ড সভায় উপস্থাপন করা হলে সিদ্ধান্ত নং-১৫ এর মাধ্যমে এব্যাপারে সুস্পষ্ট খরচের বিবরণ সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য বলা হয়। তৎপ্রেক্ষিতে আইন উপদেষ্টার ১৫ এপ্রিল, ২০০৩ তারিখের প্রতিবেদন আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সাইন ভিশন ও রূপময় কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ড ও আর্মি ওয়েল ফেয়ার ডাইরেক্টরেট এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগে রীট পিটিশন নং-১১২৯/২০০৩ এবং ১১৩০/২০০৩ নং মামলার বিবিধ খরচ বাবদ অগ্রিম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনুমোদন করা হলো। উক্ত মামলার খরচ আর্মি ওয়েলফেয়ার ডাইরেক্টরেট কর্তৃক পরিশোধ করার ব্যাপারে পত্র লেখার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ জনাব মোঃ কবির হোসেন সিকদার, আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৫ মে, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে সর্বসাকুল্যে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানীতে তাঁর নিয়োগের মেয়াদ ০১ জুলাই ২০০৩ হতে ০২ (দুই) বছরের জন্য বর্ধিত করার আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তাঁর আবেদনপত্র পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে একজন দক্ষ আইন উপদেষ্টা নিয়োগের স্বার্থে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আইন উপদেষ্টা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ নিলুফার আক্তার, সড়ক নং-৩, বাড়ী নং-১৯/এ, ঢাকা সেনানিবাস বাজার এলাকা এর ০৬ জানুয়ারি, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটটি স্কোয়াড্রন লীডার ইকবাল হোসেন (অবঃ), পিতা- মোঃ আব্দুল কাদেরের নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/৫০/২২/ নং পত্র এবং অত্র দপ্তরের আইন উপদেষ্টা প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বাড়ী নং-১৯/এ এর ৪/বি নং ফ্ল্যাটটির বিক্রয় বা হস্তান্তরের ব্যাপারে নিলুফার আক্তারের আবেদনের প্রেক্ষিতে এবং এতদ্বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ১৫ মে, ২০০৩ তারিখের উপস্থাপিত সুপারিশের প্রেক্ষিতে স্কোয়াড্রন লিডার ইকবাল হোসেন (অবঃ) এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১২ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বৎসর ভিত্তিক বরাদ্দকৃত পুকুর পাড়ের ৩১ নং দোকানের মেয়াদ ০৮ এপ্রিল, ২০০৩ হতে ০১(এক) বছরের জন্য ইজারা মেয়াদ বৃদ্ধিকরণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে অস্থায়ী বরাদ্দলাভকারী জনাব মোঃ রুহুল আমিনের ০১ এপ্রিল, ২০০৩ তারিখের ৩০ বছরের জন্য স্থায়ী লীজ নবায়নের আবেদনটি উপস্থান করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে আবেদনকারীর দীর্ঘ মেয়াদী দোকান বরাদ্দের বিষয়টি বিবেচনা করা গেল না। সংশ্লিষ্ট দোকানটি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বছর ভিত্তিক বরাদ্দ থাকার কারণে উক্ত দোকানটি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৮ এপ্রিল, ২০০৩ তারিখ হতে পুনরায় ০১(এক) বছরের জন্য ইজারা মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে পূর্বের বরাদ্দপত্রে আরোপিত যাবতীয় শর্ত অপরিবর্তনীয় থাকবে।

প্রস্তাব নং-১৩ : ক্যান্টনমেন্টে Developer/নির্মাণ সংস্থার মাধ্যমে বাড়ী নির্মাণে তাদের (Developer) কর্মকাণ্ড প্রসঙ্গে ২১ এপ্রিল, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১৫ নং সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে খসড়া নীতিমালার উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে খসড়া নীতিমালার কিছু সংশোধনপূর্বক ক্রোড়পত্র- 'খ'-তে বর্ণিত নীতিমালা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী	মন্তব্য
১।	বারিধারা ডিওএইচএস এলাকার উত্তর-পূর্ব প্রান্তে খালি জায়গায় একটি বাস্কেটবল মাঠ নির্মাণকরণ।	৪,৩৫,১৭৪/- টাকা	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয় সংকুলান করা যেতে পারে।
২।	বারিধারা ডিওএইচএস এলাকায় সিকিউরিটি গার্ডদের জন্য আসবাবপত্র ক্রয়।	১,৩৪,৭৭৩/- ।।	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয় সংকুলান করা যেতে পারে।
৩।	ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশনের পূর্ব দিকে লেভেল ক্রসিং হতে বারিধারা ডিওএইচএস গেইট পর্যন্ত রেল লাইন সংযোগ সড়ক মেরামত ও সীলকোটকরণ।	২,৮৪,৮৩৫/- ।।	রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা যেতে পারে।
৪।	ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭, নীচতলা (এমইও অফিস) এর মেরামত, সংস্কার ও রং চূনার কাজকরণ।	২,৫৫,৫৮১/- ।।	সাতুসে অধিদপ্তর থেকে প্রাপ্য অনুদান হতে।
৫।	ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সভাকক্ষের শীতাতপ নিয়ন্ত্রণসহ কক্ষের মেরামত ও সংস্কার কাজ।	৪,১৭,১১৫/- ।।	সাতুসে অধিদপ্তর থেকে প্রাপ্য অনুদান হতে।
৬।	মুসলিম মডার্ণ একাডেমীর এসএসসি পরীক্ষা উপলক্ষ্যে স্কুল ভবন মেরামত ও সংস্কার।	৪৯,৮৫০/- ।।	-এ-
৭।	ঢাকা সেনানিবাসস্থ আজিজ পল্লীর শিশু পার্ক লোহার নেট দ্বারা ঘেরাওকরণ।	১,২৪,৪০৭/- ।।	সাতুসে অধিদপ্তর থেকে প্রাপ্য অনুদান হতে।
৮।	মহাখালী ডিওএইচএস এলাকায় ১০টি সাইন পোস্টিং বোর্ড স্থাপনকরণ।	৪৮,১৬০/- ।।	রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা যেতে পারে।
৯।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম প্রান্তের অবশিষ্টাংশে ইটের সলিংকরণ।	২৫,৮৮৫/- টাকা	সাতুসে অধিদপ্তর হতে প্রাপ্য অনুদান হতে।
১০।	বনানী ডিওএইচএস এলাকায় অসমাকৃতি ৯৬/বি নং প্লটের প্রবেশ পথ নির্মাণ।	১,০৪,৫২৯/- ।।	অসমাকৃতি প্লটসমূহের উন্নয়ন চার্জ হতে।

গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজগুলো জরুরী বিধায় দরপত্র আহ্বানপূর্বক কাজ শুরু করা হোক। মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ ও ২০০২ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
১।	মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং-৭ হতে পার্কের পার্শ্ব দিয়ে ইস্টার্ন রোড পর্যন্ত ফুটপাথ নির্মাণ।	ক) ৮,৪১,৪৯৫/- টাকা খ) ১০,০৯,০৮৮/-।।	মেসার্স সরদার ট্রেডার্স	ক) ২৯.৯৫% উর্ধ্ব খ) ০৮.২৫% উর্ধ্ব	ক) ২৭.৭১% উর্ধ্ব খ) ০৬.৪৫% উর্ধ্ব	২০০২-২০০৩ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের প্রাপ্ত অনুদান হতে ব্যয় সংকুলান করতে হবে।
২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাসা নং-৬৪/ই, ৬৪/এফ, ৬৪/আই, ৬৪/জি ও ৬৪/এইচ এর বৈদ্যুতিক রিওয়্যারিং কাজ।	ক) ৮২,২২২/-।। খ) ১,১৪,০০৮/-।।	মেসার্স মনির এন্ড কোং	ক) ৪২.০০% উর্ধ্ব খ) ০৪.০০% উর্ধ্ব	X সমহার	-এ-
৩।	শহীদ রমিজ উদ্দিন কলেজের পার্শ্ববর্তী শহীদ মান্নান লাইনস্থ ১০(দশ) টি বাসা মেরামত ও সংস্কার কাজ।	ক) ১,৯৪,৪৮২/-।। খ) ২,১২,৩১৩/-।।	মেসার্স মনির এন্ড কোং	ক) ২৭.১৭% উর্ধ্ব খ) ০৯.০৫% উর্ধ্ব	ক) ১৬.২৬% উর্ধ্ব খ) ০৬.৪৫% উর্ধ্ব	-এ-
৪।	মুসলিম মডার্ণ একাডেমীর পিছনে ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল নির্মাণ।	ক) ৩,৩৩,১৯৭/-।। খ) ৩,৯১,৬২৩/৮৮।।	মেসার্স আলেক ইঞ্জিনিয়ার্স	ক) ২৯.৮৮% উর্ধ্ব খ) ১০.৫০% উর্ধ্ব	ক) ২২.২৪% উর্ধ্ব খ) ০৪.০০% উর্ধ্ব	-এ-
৫।	রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের অভ্যন্তরীণ বৈদ্যুতিক রিওয়্যারিং	ক) ৯৮,৭৭১/-।। খ) ১,১২,৪৯৬/-।।	মেসার্স এম আর এন্টারপ্রাইজ	ক) ১২.০০% উর্ধ্ব খ) ০৮.০০% উর্ধ্ব	X সমহার	-এ-
৬।	জনতা ব্যাংকের মেরামত ও রংচুনাসহ জলছাদ নির্মাণ।	ক) ১,৫৯,৫৭৮/-।। খ) ২,২১,৯৩৬/-।।	মেসার্স মধুমতি ট্রেডার্স	ক) ২০.০০% নিম্নে খ) ৩৮.০০% নিম্নে	-	-এ-
৭।	মহাখালী ডিওএইচএস এলাকার ৯ নং রোড মেরামত ও সীলকোটকরণ।	ক) ৫৪,৩১৭/-।। খ) ৭২,৪৫৯/-।।	মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স	ক) ২৮.০০% উর্ধ্ব খ) ০৫.০০% নিম্নে	ক) ২৪.০৬% উর্ধ্ব খ) ০৭.০০% নিম্নে	ক্যান্টনমেন্ট বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে ব্যয় সংকুলান করা যেতে পারে।
৮।	রজনীগন্ধা সুপার মার্কেটে হতে এয়ার হাউসের পিছন পর্যন্ত রিকশা ওয়ের নিরাপত্তা বাতি মেরামতের জন্য তার ও প্রয়োজনীয় ফিটিং সরবরাহ।	৯৪,৩৬৭/-।। (১৯৯৫ইং সনের)	মেসার্স আহমেদ এন্ড সন্স	২৫.০০% নিম্নে	X	২০০২-২০০৩ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করতে হবে।
৯।	ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কোয়ার্টার মেরামত ও রংকরণ।	ক) ৪৭,৭০৬/-।। খ) ৫৬,৫১১/-।।	মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা	ক) ৩০.০০% উর্ধ্ব খ) ০৭.০০% উর্ধ্ব	ক) ০১.৮৭% উর্ধ্ব খ) ১৪.০০% নিম্নে	২০০২-২০০৩ আর্থিক সালের বার্ষিক বরাদ্দের রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলান করতে হবে।
১০।	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যুৎ শাখার জরুরী কাজে নিয়োজিত পিকআপ গাড়ী নং-ঢাকা মেট্রো-৪-১১-১০৪ এর মেরামত ও ওভারহলিং।	৩৮,৫০০/-।। (বাজার দর)	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	৪০,৩৫০/- টাকা	সমহার	-এ-
১১।	বনানী ডিওএইচএস এলাকায় কমিউনিটি সেন্টারের দোতলা নির্মাণ।	৪০,১৭,২১৭/-।। (২০০২ইং সনের)	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	০৮.৮৯% নিম্নে	X	২০০২-২০০৩ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের প্রাপ্ত অনুদান হতে ব্যয় সংকুলান করতে হবে।

চলমান পাতা-৭

গৃহীত সিদ্ধান্ত : উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস(আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে ০৮(আট)টি কাজের সর্বনিম্ন দর ১৯৯৫ এবং ২০০২ সনের এমইএস সিডিউল অব রেইটস এর উপর ভেটিংপূর্বক নির্ধারণ করা হয়েছে। উভয় সিডিউলের মধ্যে যে ক্ষেত্রে কম টাকার দর হয়েছে সে দরটি নির্ধারণ করা হয়েছে। সিএমইএস আর্মি কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৭, ৯ ও ১০ = ০৮(আট) টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত ০৮(আট) টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট থেকে সম্মতিপত্র গ্রহণ করতঃ কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

- (১) ০৬.৪৫% উর্ধ্ব দর অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (২) সিডিউল সমহার অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (৩) ০৬.৪৫% উর্ধ্ব দর অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (৪) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (৫) সিডিউল সমহার অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (৭) ০৭.০০% নিম্ন দর অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।
- (৯) ১.৮৭% উর্ধ্ব দর অনুমোদিত (১৯৯৫ইং সনের সিডিউল)।
- (১০) সিডিউল সমহার অনুমোদিত (বাজার দর)।

ক্রমিক নং-৬, ৮ ও ১১ এর ০৩(তিন)টি কাজের ব্যাপারে বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস(আর্মি) সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নহে বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্রের সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভুক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

- (৬) ২০.০০% নিম্নদর অনুমোদিত (১৯৯৫ইং সনের সিডিউল)।
- (৮) ২৫.০০% নিম্নদর অনুমোদিত (১৯৯৫ইং সনের সিডিউল)।
- (১১) ০৮.৮৯% নিম্নদর অনুমোদিত (২০০২ইং সনের সিডিউল)।

প্রস্তাব নং-১৬ : ক্যান্টনমেন্ট এলাকার যানবাহন সংকেত বাতির রক্ষণাবেক্ষণের নিমিত্তে প্রতি পয়েন্ট সংকেত বাতি সাধারণ মেরামত বাবদ মাসিক ৭০০/- (সাতশত) টাকা দর ২০০৩-২০০৪ আর্থিক সালের জন্য নবায়ন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ, ৩/৩ সি পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর ২৭ মার্চ, ২০০৩ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনা হয়। আলোচনাস্তে ক্যান্টনমেন্ট এলাকার যানবাহন সংকেত বাতির রক্ষণাবেক্ষণের নিমিত্তে মাইক্রো ইলেক্ট্রনিক্স কর্তৃক প্রদত্ত প্রতি পয়েন্ট সংকেত বাতি সাধারণ মেরামত বাবদ মাসিক ৭০০/- (সাতশত) টাকার দর ২০০২-২০০৩ আর্থিক সালের ন্যায় ২০০৩-২০০৪ আর্থিক সালের জন্য বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ : ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ২১(একুশ) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো :-

ক্রমিক নং	নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
১।	মেজর জেনারেল আহসান নজমুল আমিন, এনডিসি, পিএসসি	১৯০	বারিধারা ডিওএইচএস	
২।	কর্ণেল মুরাদ মোহাম্মদ খালেকুজ্জামান জালালাবাদী	২৭৭	-ঐ-	
৩।	লেঃ কর্ণেল সামছুল আলম	২৮৯	-ঐ-	
৪।	মেজর এ কে এম নূরুল হোসেন(অবঃ)	২৫৫	-ঐ-	
৫।	মিসেস নাজমা ইসলাম গং	৫৪৩	-ঐ-	
৬।	ক্যাপ্টেন মোঃ ফরিদ হাবিব(এনডি)বিএন	১৬৫	-ঐ-	
৭।	মেজর জেনারেল মোঃ আমিনুল করিম, এনডিসি, এলডিএসসি, পিএসসি	১৭৬	-ঐ-	
৮।	মেজর শের মোহাম্মদ খান	১৭৫/এ	-ঐ-	
৯।	মেজর মোঃ জাফর উল্লাহ খান (অবঃ) ক্যাপ্টেন ডি এম রহমান(সিডি) বি এন	১৬১	-ঐ-	
১০।	মেজর (অবঃ) মোঃ রেজাউল হক	৩৬২	-ঐ-	
১১।	জনাব মোঃ কেফায়েত আলী	৩৩২	-ঐ-	
১২।	জনাব মোঃ সাইদুল ইসলাম খান মেজর জেনারেল এ আই এম মুস্তফা রেজানুর	৩২১/৪	বারিধারা ডিওএইচএস	সংশোধিত
১৩।	ত্রিগেঃ জেনাঃ কামরুল হুদা চৌধুরী, পিএসসি	২৬৫	-ঐ-	-ঐ-
১৪।	কর্ণেল মোঃ ওয়ালী উল্লাহ	৪৭০	-ঐ-	-ঐ-
১৫।	মেজর জেনারেল এজাজ আহমদ চৌধুরী	২৬৮	মহাখালী ডিওএইচএস	-ঐ-
১৬।	ফ্রপ ক্যাপ্টেন এম বি রহমান (অবঃ) গং	বি/১৭৬	-ঐ-	-ঐ-
১৭।	উইং কমান্ডার এনায়েত উল্লাহ	১৮৬	-ঐ-	-ঐ-
১৮।	মিসেস সাকিয়া মতিন চৌধুরী	৫২	বনানী ডিওএইচএস	-ঐ-
১৯।	মিসেস রুখসানা হক	৭৭/এ	-ঐ-	-ঐ-
২০।	আগা আবদুল কাইউম	৯/সি	ক্যান্টঃবাজার এলাকা	সংশোধিত
২১।	রঙানী উন্নয়ন ব্যুরো	পুরাতন বিমান বন্দর স্থায়ী মেলা কমপ্লেক্স	পুরাতন বিমান বন্দর এলাকা	-

গৃহীত সিদ্ধান্ত : অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

চলমান পাতা-৯

প্রস্তাব নং-১৮ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগত মান যাচাই বাছাই এর পর নিম্নবর্ণিত ১৮ (আঠার)টি কাজের জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
১।	বনানী ডিওএইচএস এলাকায় অসমাকৃতি ৫৭/এ নং প্লট উন্নয়ন করণ।	মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ
২।	শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে রাস্তার পূর্ব পার্শ্বের ৪০টি নিরাপত্তা বাতির পোলের পুরাতন তার বদলকরণ।	দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস
৩।	শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ল্যাবরেটরীর জন্য বুনসেন বার্নার সরবরাহ ও স্থাপন।	মেসার্স খান ট্রেডার্স
৪।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের ২ নং পানির পাম্পে মোটর রিওয়াল্ডিং এবং নতুন স্টার ডেল্টা স্টার্টার সরবরাহকরণ।	দি এসোসিয়েট
৫।	বারিধারা ডিওএইচএস এলাকার ৪৪৭/এ নং প্লটে মাটি ভরাট কাজ।	মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স
৬।	শহীদ মঈনুল রোডের সড়ক দ্বীপে অচল মার্করী লাইট সচলকরণ।	মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রোল
৭।	বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোডের (প্রধান সড়ক) ৫ - ০" চওড়াকরণ।	মেসার্স জামান এন্টারপ্রাইজ
৮।	মহাখালী ডিওএইচএস এলাকার নিরাপত্তার জন্য বিএটিসির পূর্ব পার্শ্ব বিমান বন্দর সড়ক হতে বিএটিসির কোণা পর্যন্ত সীমানা দেয়াল নির্মাণ (গ্রুপ-‘ক’)	মেসার্স ফেডস কর্ণার
৯।	মহাখালী ডিওএইচএস এলাকার নিরাপত্তার জন্য বিএটিসির পূর্ব পার্শ্ব বিমান বন্দর সড়ক হতে বিএটিসির কোণা পর্যন্ত সীমানা দেয়াল নির্মাণ (গ্রুপ-‘খ’)	মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল
১০।	শহীদ সরণিতে ০৩(তিন)টি পাবলিক টয়লেট নির্মাণ।	মেসার্স শরীফ এন্ড সন্স
১১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড হতে রোড নং- ১১ পর্যন্ত ০৫(পাঁচ)টি স্পিড ব্রেকার ও নন সিডিউল আইটেমে ০৯(নয়)টি সাইন পোস্টিং বোর্ড স্থাপনকরণ।	মেসার্স মনির এন্ড কোং
১২।	মুসলিম মডার্ণ একাডেমীর ২য় তলার টয়লেট সংস্কার/মেরামত/মোজাইককরণ।	মেসার্স আমিন ব্রাদার্স
১৩।	রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত জনতা ব্যাংকের উত্তর পার্শ্বের রাস্তাটি পিসিসি করণ।	মেসার্স মহি এন্ড ব্রাদার্স
১৪।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং- ২৫/এ (এর দোতলার পূর্ব পার্শ্বস্থ) মেরামত ও রং চূনাকরণ।	মেসার্স তাহের এন্টারপ্রাইজ
১৫।	ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসা এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৪৮/এ নং কোয়ার্টারের নীচতলা উত্তর ও দক্ষিণ পার্শ্বস্থ ফ্ল্যাটের মেরামত কাজ।	মেসার্স আমিন ব্রাদার্স

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
১৬।	রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত জনতা ব্যাংকের পশ্চিম দিক দিয়ে বিপদজনক পারাপার বন্ধের জন্য রাস্তার গাইড ওয়ালে গ্রীল স্থাপনকরণ।	মেসার্স মহি এন্ড ব্রাদার্স
১৭।	রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত নির্মাণাধীন কসাইখানার গোবর্জ ফেলার জন্য পিট নির্মাণ কাজ।	দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস
১৮।	ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ রোড নং-৭ এর দক্ষিণ পশ্চিম কোণে ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টার এর সীমানা দেয়াল নির্মাণ।	মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ

১৯। বিবিধ(১) :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী কাজের প্রয়োজনে একটি পানি বাহিত গাড়ী (বাউজার) ক্রয়ের জন্য প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ, ঢাকাকে গত ২৮ এপ্রিল, ২০০৩ তারিখে দরপত্র প্রদানের অনুরোধের প্রেক্ষিতে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ কর্তৃক গত ০৫ মে, ২০০৩ তারিখের ১৫,৩৬,৩৫০/- (পনের লক্ষ ছত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার দরপত্র প্রদান করেন। উক্ত দরপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী কাজের প্রয়োজনে একটি পানি বাহিত গাড়ী (বাউজার) ক্রয়ের জন্য প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ কর্তৃক প্রদত্ত ১৫,৩৬,৩৫০/- (পনের লক্ষ ছত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

১৯। বিবিধ(২) :

ঢাকা সেনানিবাসের প্রধান সড়কের পার্শ্বে গাছের ডালা নিয়মিতভাবে কর্তন করে সুন্দর পরিবেশ সৃষ্টির লক্ষ্যে একটি ইলেক্ট্রিক করাত ক্রয়ের জন্য গত ২৮ এপ্রিল, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ১২ মে, ২০০৩ তারিখে তিনটি ফার্ম দরপত্র প্রদান করে। তার মধ্যে মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে ইলেক্ট্রিক করাত ক্রয়ের জন্য মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক।

১৯। বিবিধ(৩) :

এয়ার হেডকোয়ার্টার হতে প্রধানমন্ত্রীর কার্যালয় পর্যন্ত ২০৫ টি ফুলের বেড রয়েছে। উক্ত ফুলের বেড পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের জন্য বিএএফ বেস বাশার ঘাঁটি কর্তৃক ০৮ ট্রাক ভিটি মাটি এবং ০১ ট্রাক গোবর সার সরবরাহের জন্য অত্র দপ্তরকে ০৯ এপ্রিল, ২০০৩ তারিখের বাশার/৪০৪ ৭/৬/বিডরিউ/খ-৩/১২ক নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। আলোচনা ও সিদ্ধান্তের জন্য পত্রটি সভায় উপস্থাপন করা হলো।


চলমান পাতা-১১


-ঃ ১১ ঃঃ-

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে অনুমোদন করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযোজন : ক্রোড়পত্র- 'ক' ও 'খ'।


 (মোঃ আব্দুল আল মামুন)
 ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
 ও
 সেক্রেটারী
 ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।


 (কর্ণেল সালাহুউদ্দীন আহমেদ)
 প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
 ও
 স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস

ক্রমিক নং	পেশা/ব্যবসা-বাণিজ্য/জীবিকা- বৃত্তির বিবরণ	পূর্বের অনুমোদিত হার	বর্তমান অনুমোদিত হার
১।	১ম শ্রেণীর ঠিকাদার		২,০০০/- ১১
২।	২য় শ্রেণীর ঠিকাদার	৪০০/- টাকা	১,৫০০/- ১১
৩।	৩য় শ্রেণীর ঠিকাদার	-	১,০০০/- ১১
৪।	সরবরাহকর্মী	২৫০/- ১১	৫০০/- ১১
৫।	বিল্ডার/ডেভেলোপার/রিয়েল এস্টেট	৭৫০/- ১১	৩০০০/- ১১
৬।	ইন্ডেটিং এন্ড কমিশন এজেন্ট	৭৫০/- ১১	১,০০০/- ১১
৭।	ক্রিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট	৭৫০/- ১১	১,৫০০/- ১১
৮।	ট্রাভেলিং এজেন্ট	৭৫০/- ১১	১,৫০০/- ১১
৯।	সকল প্রকার আমদানীকারক	২৫০/- ১১	১,০০০/- ১১
১০।	সকল প্রকার রপ্তানীকারক	২৫০/- ১১	৫০০/- ১১
১১।	গার্মেন্টস ফ্যাক্টরী	১,০০০/- ১১	৩,০০০/- ১১
১২।	ট্যোবাকো ফ্যাক্টরী	৫০০/- ১১	৩,০০০/- ১১
১৩।	চাল, ডাল, আটা, মসল্লা ভাঙ্গার অথবা ময়দার কল	২৫০/- ১১	৫০০/- ১১
১৪।	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ	-	১,০০০/- ১১
১৫।	মটর ওয়ার্কসপ	৫০০/- ১১	১,০০০/- ১১
১৬।	রেশ্ভোরা	৩০০/- ১১	৫০০/- ১১
১৭।	মিস্টার দোকান	২৫০/- ১১	৭৫০/- ১১
১৮।	কনফেকশনারী	২৫০/- ১১	৩০০/- ১১
১৯।	ফাস্টফুড সপ	২৫০/- ১১	৩০০/- ১১
২০।	তিনতারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত)	১০,০০০/- ১১	১৫,০০০/- ১১
২১।	ডেকোরেটর (ইলেক্ট্রিক/সাধারণ)	২৫০/- ১১	১,০০০/- ১১
২২।	দর্জির দোকান (বড়)	২৫০/- ১১	৫০০/- ১১
২৩।	দর্জির দোকান (ছোট)	২৫০/- ১১	২৫০/- ১১
২৪।	ধান, চাল, ডাল, মাছ, তৈল ময়দা, আটার আড়ৎ	২৫০/- ১১	৫০০/- ১১
২৫।	ফল/কাঁচা মালের আড়ৎ	২৫০/- ১১	৫০০/- ১১
২৬।	হাঁস/মুরগীর আড়ৎ	২৫০/- ১১	৩০০/- ১১
২৭।	মৎস্য	২৫০/- ১১	৩০০/- ১১
২৮।	কাঠ/স্টীল/বেতের ফার্নিচার (বড়)	২৫০/- টাকা	৭০০/- টাকা
২৯।	কাঠ/স্টীল/বেতের ফার্নিচার (ছোট)	২৫০/- ১১	৫০০/- ১১
৩০।	রং (এজেন্সি)	২৫০/- ১১	৫০০/- ১১
৩১।	রং (খুচরা)	২৫০/- ১১	২৫০/- ১১
৩২।	হার্ডওয়্যার সামগ্রী	২৫০/- ১১	৭৫০/- ১১
৩৩।	কাপড় (পাইকারী বিক্রয়)	২৫০/- ১১	১,০০০/- ১১
৩৪।	তৈরী পোষাক (পাইকারী)	২৫০/- ১১	১,০০০/- ১১
৩৫।	কসমেটিক্স/স্টেশনারী	২৫০/- ১১	৫০০/- ১১
৩৬।	সেলুন (শীতাতপ বিহীন)	২৫০/- ১১	৩০০/- ১১
৩৭।	জুয়েলারী (শো-রুম ছাড়া)	২৫০/- ১১	১,০০০/- ১১
৩৮।	বিজ্ঞাপন নির্মাতা প্রতিষ্ঠান	-	১,০০০/- ১১
৩৯।	প্রিন্টিং প্রেস- হস্তচালিত	২৫০/- ১১	৫০০/- ১১
৪০।	লাইব্রেরী	২৫০/- ১১	৫০০/- ১১

ক্রমিক নং	পেশা/ব্যবসা-বাণিজ্য/জীবিকা- বৃত্তির বিবরণ	পূর্বের অনুমোদিত হার	বর্তমান অনুমোদিত হার
৪১।	স্টেশনারী সামগ্রী	২৫০/-।।	৫০০/-।।
৪২।	ফটোস্ট্যাট/এমোনিয়া প্রিন্ট	-	৫০০/-।।
৪৩।	ফটো স্টুডিও (ল্যাব)	-	১,০০০/-।।
৪৪।	ফটো স্টুডিও ছোট	২৫০/-।।	৩০০/-।।
৪৫।	ভিডিও/ভিসিডি/সিডি/অডিও ক্যাসেট	২৫০/-।।	৫০০/-।।
৪৬।	ফোন/ফ্যাক্স/ইন্টারনেট/ সাইবার ক্যাফে	৫০০/-।।	১,০০০/-।।
৪৭।	সিকিউরিটি সার্ভিস	৫০০/-।।	১,৫০০/-।।
৪৮।	ঘড়ির দোকান	২৫০/-।।	৫০০/-।।
৪৯।	রেস্টুরেন্ট	২৫০/-।।	৫০০/-।।
৫০।	মুদি	২৫০/-টাকা	৪০০/-।।
৫১।	রেডিমেড গার্মেন্টস	২৫০/-।।	৫০০/-।।
৫২।	শাড়ী/খান কাপড়	২৫০/-।।	৫০০/-।।
৫৩।	জুতার দোকান (বড়)	২৫০/-।।	১,৫০০/-।।
৫৪।	জুতার দোকান (ছোট)	২৫০/-।।	৭৫০/-।।
৫৫।	চামড়ার স্যুটকেস/ব্যাগ	২৫০/-।।	৫০০/-।।
৫৬।	ওয়্যার হাউস/বায়িং হাউস	৫০০/-।।	১,৫০০/-।।
৫৭।	ডিপার্টমেন্টাল স্টোর (বড়)	৫০০/-।।	২৫০/-।।
৫৮।	লন্ড্রী (সাধারণ)	২৫০/-।।	১,০০০/-।।
৫৯।	টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেক্ট্রন সামগ্রীর দোকান (এজেন্সীপ্রাপ্ত)	-	

ক্রোড় পত্র 'খ'

ক্যান্টনমেন্টে Developer/নির্মাণ সংস্থা -এর মাধ্যমে বাড়ী নির্মাণ সংক্রান্ত নীতিমালা।

- ১। Developer-কে ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ২। ক্যান্টনমেন্ট বোর্ডের Prescribed Form এ Developer - এর Establishment - এর বিস্তারিত তথ্য প্রদান করতে হবে।
- ৩। সরকার অনুমোদিত ফ্ল্যাট হস্তান্তর নীতিমালার শর্তাবলী অনুসরণ করে Developer এবং মালিকগণকে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৪। বাড়ীর মালিকের সাথে সম্পাদিত চুক্তিপত্রের এক কপি ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।
- ৫। বাড়ীর মালিকের সাথে চুক্তি সম্পাদনের পর সংশ্লিষ্ট Developer-কে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে নিম্নলিখিত শর্ত সম্বলিত একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে, যা ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প সম্পাদিত হবেঃ-
 - (ক) নির্মাণ কাজের জন্য ব্যবহৃত ক্ষতিগ্রস্ত রাস্তার মেরামত খরচ ফ্ল্যাট হস্তান্তরের পূর্বেই ক্যান্টনমেন্ট বোর্ডে জমা দিতে হবে এবং নির্মাণ চলাকালীন রাস্তায় একেজো মালামাল যেমন- রাবিশ, মাটি, ইট ইত্যাদি স্তূপ করে রাখা যাবে না। এরূপ অভিযোগ পাওয়া গেলে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নোটিশ জারী করা হবে। নোটিশ প্রাপ্তির পর নোটিশে প্রদত্ত সময়ের মধ্যে ময়লা আবর্জনা অপসারণ করা না হলে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উক্ত ময়লা আবর্জনা অপসারণ করা হবে এবং অপসারণের ব্যয় ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।
 - (খ) রাত্রি বেলায় কোন নির্মাণ কাজ করা যাবে না। নির্মাণ কাজ চলাকালীন প্রতিবেশীর যাতে কোন রকম অসুবিধা না হয় সে জন্য প্রতিবেশীর দিকে ছালার চট ব্যবহার করতে হবে এবং শব্দ দূষণ যাতে না হয় সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে।
 - (গ) চুক্তিপত্র অথবা অন্য যে কোন বিষয়ে বাড়ীর মালিকের সাথে Developer -এর মধ্যে মতভেদ দেখা দিলে এবং এতদসংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে ক্যান্টনমেন্ট বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 - (ঘ) Developer কে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত প্ল্যান অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। ব্যত্যয় ঘটলে প্ল্যান বাতিল করা হবে এবং অননুমোদিত নির্মাণ আইন অনুযায়ী অপসারণ করতে হবে।